# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জাতীয় | 29 June, 2025

গত বছরের ৫ আগস্ট ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার পতনের ঘটনাকে স্মরণীয় করে রাখতে দিনটিকে 'গণঅভ্যুত্থান দিবস' হিসেবে পালনের সিদ্ধান্ত নিয়েছে অন্তর্বর্তীকালীন সরকার।

রোববার (২৯ জুন) অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদের বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয় বলে নিশ্চিত করেছেন সরকারের প্রেস সচিব শফিকুল আলম। তিনি তার ভেরিফায়েড ফেসবুক পেজে জানান, এই দিবসটি জাতীয়ভাবে স্বীকৃতি দিয়ে প্রতিবছর পালন করা হবে।

এছাড়া, ১৬ জুলাই দিনটিকে 'জুলাই শহীদ দিবস' ঘোষণা করা হয়েছে। ২০২৪ সালের এই দিনে রংপুরে স্বৈরশাসনবিরোধী আন্দোলনে পুলিশের গুলিতে নিহত হন আন্দোলনকারী আবু সাঈদ ।তার আত্মত্যাগ আন্দোলনে নতুন গতি আনে এবং গণঅভ্যুত্থানের পথ প্রশস্ত করে।

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী, ৮ আগস্ট কোনো বিশেষ কর্মসূচি পালন করা হবে না।

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার এই ঘোষণাকে 'আন্দোলনের ইতিহাসকে সম্মান ও স্মরণ করার অংশ' হিসেবে উল্লেখ করেছে।

গণঅভ্যুত্থান দিবস জুলাই শহীদ দিবস ৫ আগস্ট ড. মুহাম্মদ ইউনূস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 04:09

URL: https://www.timestodaybd.com/national/3906919198